# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৩০

১/ বিবিধ

আরবী

سألت الله أن يجعل حساب أمتي إلي لئلا تفتضح عند الأمم، فأوحى الله إلي: يا محمد بل أنا أحاسبهم فإن كان منهم زلة سترتها عنك لئلا تفتضح عندك
موضوع

أخرجه الديلمي في " مسنده (2 / 101) بسنده عن أبي بكر النقاش عن الحسن بن الصقر عن يوسف بن كثير عن داود بن المنذر عن بشر بن سليمان الأشعبي عن الأعرج عن أبي صالح عن أبي هريرة مرفوعا به، وأورده السيوطي في " ذيل الأحاديث الموضوعة " (ص 179) من رواية الديلمي ثم قال: النقاش متهم
قلت: ومع هذا فقد ذكره في كتابه " الجامع الصغير " من رواية الديلمي عن أبي هريرة! وسكت عليه شارحه المناوي فلم يزد على قوله: ورواه ابن شادني وغيره، كذا، وكأنه لم يقف على إسناده، وإلا لم يجز له السكوت عليه ولا أن يقتصر على تضعيف إسناده في كتابه الآخر " التيسير "، ثم ذكره السيوطي من رواية ابن النجار عن أنس بن مالك نحوه، وفيه محمد بن أيوب الرقي، قال ابن حبان: كان يضع الحديث
وأورده ابن عراق أيضا في " تنزيه الشريعة المرفوعة عن الأحاديث الشنيعة الموضوعة " (ق 400 / 1)

বাংলা

৩৩০। আমি আল্লাহর নিকট চাইলাম যেন আমার উম্মাতের হিসাব-কিতাব আমার উপর দিয়ে দেয়া হয়; যাতে

করে আমার অন্য উম্মাতগুলোর সম্মুখে অপদস্থ না হতে হয়। তখন আল্লাহ আমার নিকট ওহী মারফত জানালেনঃ হে মুহাম্মদ! আমি তাঁদের হিসাব গ্রহণ করব, তাঁদের মধ্য হতে কারো যদি কোন অপদস্থতা থাকে তাহলে আমি তা আপনার নিকট হতে লুকিয়ে ফেলব, যাতে করে আপনার নিকট আপনার উম্মাত অপদস্থ না হন।

হাদীসটি জাল।

এটি দাইলামী “মুসনাদ” গ্রন্থে (২/১০১) তার নিজ সনদে আবু বাকর নাক্কাশ হতে, তিনি হাসান ইবনু সাকার হতে ... বর্ণনা করেছেন। সুয়ূতী "যায়লুল আহাদীসিল মাওযুআহ" গ্রন্থে (পৃঃ ১৭৯) দাইলামীর উদ্ধৃতিতে উল্লেখ করে বলেছেনঃ নাক্কাশ মিথ্যার দোষে দোষী।

আমি (আলবানী) বলছিঃ এ কথা বলা সত্ত্বেও তিনি তার “জামেউস সাগীর” গ্রন্থে হাদীসটি দাইলামীর সূত্রে উল্লেখ করেছেন। তার ভাষ্যকার মানবী চুপ থেকেছেন। সম্ভবত এটির সনদ সম্পর্কে তিনি অবহিত হননি।

অতঃপর সুয়ূতী ইবনু নাজ্জারের বর্ণনা হতে আনাস ইবনু মালেক (রাঃ) থেকে বর্ণনা করেছেন। এ সনদে মুহাম্মাদ ইবনু আইউব আর-রাকী নামক এক বর্ণনাকারী আছেন। তার সম্পর্কে ইবনু হিব্বান বলেনঃ তিনি হাদীস জাল করতেন।

ইবনু আররাকও হাদীসটি "তানযীহুশ শারীয়াহ" গ্রন্থে (কাফ ১/৪০০) উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5589

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন